

02741

BDP/BCA/BTS
FOUNDATION COURSE IN BENGALI

Term-End Examination

December, 2013

Course Code : FBG

Time : 2 hours

Maximum Marks : 50

নোট : নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

1. 'বিলাত' প্রবন্ধটিতে রবীন্দ্রনাথের ব্রাইতনে প্রথম প্রবাসের 10
যে অভিজ্ঞতা বলা হয়েছে তার বর্ণনা করুন।
অথবা
নালসো পিঁপড়ের শত্রুর সঙ্গে লড়াই-এর চিত্র 'পিঁপড়ের 10
লড়াই' প্রবন্ধটি অবলম্বনে বর্ণনা করুন।
2. (a) 'স্বার্থই স্বার্থত্যাগের প্রধান শিক্ষক। ব্যক্তির স্বার্থরক্ষার 5
জন্য সমষ্টির কল্যাণের দিকে প্রথম দৃষ্টিপাত।' --
মন্তব্যটির তাৎপর্য বুঝিয়ে দিন।
(b) সৃষ্টিকর্তা বনের প্রাণীদের জন্য যে কানুন করেছেন, 5
মানুষের জন্য যদি তা করতেন তাহলে যুদ্ধই হোত
না। কেননা তাহলে মানুষের মধ্যে যারা প্রবল,
দুর্বলের জন্য তারাও ঠিক সেইরকম সহৃদয়তাই দেখাত
যা বনের প্রাণীরা চিরকাল দেখিয়ে আসছে। মন্তব্যটির
যথার্থ বিচার করুন।
3. বাংলা গদ্যভাষার উদ্ভবের ইতিহাস (দশম-19 শতক পর্যন্ত) 10
আলোচনা করুন।

4. (a) সংক্ষিপ্ত টীকা লিখুন। 5
রক্তকণিকা, মেনলো পার্কের জাদুকর, ভরতনাট্যম,
সিন্ধেন্দ্র যোগী, কাজাঐঞ্চ
- (b) সন্ধি বিচ্ছেদ করুন। 5
হিতোপদেশ, প্রশ্নোত্তর, কমলালয়, মহোৎসব,
পরোপকার
5. (a) বিশিষ্টার্থক পদগুলির দ্বারা বাক্যরচনা করুন - 5
অকাল কুম্ভাণ্ড, কাঁচা পয়সা, গোবরে পদ্মফুল,
ঘুণাঙ্করে, কথার দক্ষ
- (b) একবাক্যে পরিবর্তিত করুন - 5
জানিবার ইচ্ছা, যাহা বর্ণনা করা যায় না, যেখানে
যাওয়া যায় না, যিনি আগে জন্মগ্রহণ করেছেন, যে
উপকারীর উপকার স্বীকার করে না।
-